

| | | |
|------------|------------|------------|
| DIR | CESS | CNS |
| Ch. Ex (E) | Ch. Ex (N) | Exam (E) |
| Comp (N) | DD (R&D) | DD (S) |
| SCMS | Ch. Chem | Chem |
| PD | CI | S.O |
| Co-Ord. Gt | INS (H.O) | Co-Ord-02 |
| AD (Ad) | A.O | Asst. Chem |

জনপ্রশাসন মন্ত্রণালয়

বিধি-১ শাখা।

www.mopa.gov.bd

- 372-D\Letter-2013.doc

পরিপত্র

০৫/০৬/১৩

নং- ০৫.১৭০.০২২.০৯.০০.১৩৩.২০১০-২২৬

তারিখ: ১৩ আষাঢ়, ১৪২০ বঃ
২৭ জুন, ২০১৩ খ্রিঃ

বিষয়: পার্বত্য চট্টগ্রামের সকল সরকারী, আধা-সরকারী, পরিষদীয় ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের চাকুরিতে উপজাতীয়দের অগ্রাধিকার প্রদান।

০২ ডিসেম্বর ১৯৯৭ তারিখে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক গঠিত পার্বত্য চট্টগ্রাম বিষয়ক জাতীয় কমিটির সহিত পার্বত্য চট্টগ্রাম জন সংহতি সমিতির চুক্তি স্বাক্ষরিত হয়। উক্ত চুক্তির 'ঘ' খণ্ডের ১৮নং অনুচ্ছেদটি নিম্নরূপে।

“১৮। পার্বত্য চট্টগ্রামের সকল সরকারী, আধা-সরকারী, পরিষদীয় ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের সকল স্তরের কর্মকর্তা ও বিভিন্ন শ্রেণীর কর্মচারী পদে উপজাতীয়দের অগ্রাধিকার ভিত্তিতে পার্বত্য চট্টগ্রামের স্থায়ী অধিবাসীদের নিয়োগ করা হইবে। তবে কোন পদে পার্বত্য চট্টগ্রামের স্থায়ী অধিবাসীদের মধ্যে যোগ্যতাসম্পন্ন ব্যক্তি না থাকিলে সরকার হইতে প্রেষণে অথবা নির্দিষ্ট সময় মেয়াদে উক্ত পদে নিয়োগ করা যাইবে।”

এমতাবস্থায়, উল্লিখিত চুক্তির 'ঘ' খণ্ডের ১৮নং অনুচ্ছেদ অনুসরণ করিবার জন্য সংশ্লিষ্ট সকল নিয়োগকারী কর্তৃপক্ষকে অনুরোধ করা হইল।

(আবদুস সোবহান সিকদার)
সিনিয়র সচিব

বিতরণ:

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
- ৩। সিনিয়র সচিব/সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় সর্বস্বত্ব মন্ত্রণালয়/বিভাগ।
(তাঁহার আওতাধীন সকল মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/সংস্থা/দপ্তর/প্রতিষ্ঠানকে অবহিত করিবার অনুরোধসহ)
- ৪। মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সিএডএজি'র কার্যালয়, ৪৩ নং কাকরাইল সড়ক, ঢাকা।
- ৫। অতিরিক্ত সচিব (প্রশাসন), জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, পুরাতন বিমানবন্দর, ঢাকা।
- ৭। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (পরবর্তী গেজেটে প্রকাশের জন্য)।
- ৮। সিনিয়র সিস্টেম এনালিস্ট, পিএনসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (সিস্টেম এনালিস্টের মাধ্যমে প্রকাশের জন্য)।

প্রশাসন-১ শাখা

নং ১৮.০১১.০৩৩.০০.০০.০২৯.২০১০(অংশ-১)- ১৭৬৮

তারিখ: ১১-০৯-২০১৩ খ্রিঃ

সদয় অবগতি ও পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুলিপি প্রেরণ করা হলো।

(মোঃ মোবারক হোসেন খন্দকার)
সহকারী সচিব(প্রশাসন-১)
ফোন: ৯৫১৫৫৫১

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

- ১। চেয়ারম্যান, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্পোরেশন, ঢাকা।
- ২। চেয়ারম্যান, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ, ঢাকা।
- ৩। চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।
- ৪। চেয়ারম্যান, বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষ, ঢাকা।
- ৫। চেয়ারম্যান, মংলা বন্দর কর্তৃপক্ষ, মংলা, বাগেরহাট।
- ৬। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, চট্টগ্রাম।
- ৭। মহাপরিচালক, সমুদ্র পরিবহন অধিদপ্তর, ঢাকা।
- ৮। কমান্ড্যান্ট, মেরিন একাডেমী, চট্টগ্রাম।

১১/০৮/১৩
দিন: লিপি নং..... তাং.....
সমুদ্র পরিবহন অধিদপ্তর